**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ / ২৭ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ।

**এস.আর.ও. নং-১৭১-আইন/২০২৫/২৯৯-মূসক।**— সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, ১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৮০-আইন/২০২২/১৯৩-মূসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত প্রজ্ঞাপনের—

(ক) ক্ষমতাপ্রদান অংশে উল্লিখিত "Customs Act, 1969 (Act No. IV of 1969)" এর পরিবর্তে "কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন)" এবং "এর স্থানীয় উৎপাদন পর্যায়ে ৫ (পাঁচ) শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে "এর স্থানীয় উৎপাদন পর্যায়ে ১ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ হইতে ৩০ জুন ২০২৮ খ্রিষ্টাব্দ পর্যন্ত ৭.৫ (সাত দশমিক পাঁচ) শতাংশ এর অতিরিক্ত মূল্য সংযোজন কর, ১ জুলাই ২০২৮ খ্রিষ্টাব্দ হইতে ৩০ জুন ২০৩০ খ্রিষ্টাব্দ পর্যন্ত ১০ (দশ) শতাংশ এর অতিরিক্ত মূল্য সংযোজন কর" শব্দগুলি, সংখ্যাগুলি ও চিহ্নগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) অনুচ্ছেদ ৯ এ উল্লিখিত "Customs Act, 1969" এর পরিবর্তে "কাস্টমস আইন, ২০২৩" প্রতিস্থাপিত হইবে; এবং

(গ) অনুচ্ছেদ ১০ এ উল্লিখিত "৩০ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ" সংখ্যাগুলি, শব্দগুলি ও কমার পরিবর্তে "৩০ জুন ২০৩০ খ্রিষ্টাব্দ" সংখ্যাগুলি ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**( মোঃ আবদুর রহমান খান এফসিএমএ )**
**সচিব**

Downloaded from www.taxvatpoint.com
Downloaded from www.taxvatpoint.com